



ফ্লোরেন্স মিউনিসিপ্যালিটির খেলার ঘরের (servizi ludotecari) ব্যবস্থা
কোভিড – ১৯ এর মতো রোগের সাথে মোকাবিলা করার জন্য যে যে পদ্ধতি নেওয়া যাবে

১) ব্যবহারকারীদের মধ্যে খেলার ঘরে রোগের উপসর্গ দেখা গেলে কি কি করতে হবে



- খেলার ঘর থেকে ব্যবহারকারীকে বেরিয়ে যেতে হবে (ছোটদের ক্ষেত্রে তার সাথে যে থাকবে বড় মানুষ তাকেও বেরিয়ে যেতে হবে)
- রোগের উপসর্গ নিয়ে ব্যবহারকারী বেরিয়ে যাওয়ার সাথে সাথে ঘরের মেঝে ও বিভিন্ন তল পরিষ্কার করে ও কীটনাশক দিয়ে স্যানিটাইজ করতে হবে
- বাচ্চার বাবা, মাকে তাদের পছন্দমতো শিশু ডাক্তার বা জেনারেল মেডিসিনের ডাক্তারের সাথে যোগাযোগ করতে হবে কি হয়েছে বোঝার জন্য
- শিশুডাক্তার বা জেনারেল মেডিসিনের ডাক্তার উপসর্গ বোঝার জন্য যে টেস্ট করতে দেবে তা ASL এর রোগ প্রতিরোধকারী ডিপার্টমেন্টকে জানাতে হবে
- ASL এর রোগ প্রতিরোধকারী ডিপার্টমেন্ট থেকে টেস্ট করানোর ব্যবস্থা করা হবে

২) যদি ব্যবহারকারীর কোনো উপসর্গ বাসায় দেখা যায় তবে কি কি করতে হবে



- ব্যবহারকারীকে বাসায় থাকতে হবে
- ব্যবহারকারী বাচ্চার বাবা, মাকে নিজেদের পছন্দমতো বেছে নেওয়া শিশু ডাক্তার বা জেনারেল মেডিসিনের ডাক্তারের সাথে যোগাযোগ করতে হবে
- শিশু ডাক্তার বা জেনারেল মেডিসিনের ডাক্তার যে রোগনির্ধারক টেস্ট করতে দেবে তা ASL এর রোগ প্রতিরোধকারী ডিপার্টমেন্টকে জানাতে হবে
- ASL এর রোগ প্রতিরোধকারী ডিপার্টমেন্ট থেকে টেস্ট করানোর ব্যবস্থা করা হবে

৩) খেলাঘরের কর্মীদের মধ্যে এই রোগের উপসর্গ খেলাঘরে থাকাকালীন দেখা গেলে তারা কি করবে

- তাদের এটা নিশ্চিত করতে হবে যে তারা সার্জিকাল মাস্ক পরে আছে
- তাদের বাড়ী চলে যাবার অনুরোধ করা হবে আর জেনারেল মেডিসিনের ডাক্তারকে দেখানোর জন্য অনুরোধ করা হবে
- জেনারেল মেডিসিনের ডাক্তার রোগ নির্ধারক টেস্ট করতে দিলে তা ASL এর রোগ প্রতিরোধকারী ডিপার্টমেন্টকে জানাতে হবে
- ASL এর রোগ প্রতিরোধকারী ডিপার্টমেন্ট থেকে টেস্ট করানোর ব্যবস্থা নেওয়া হবে



৪) খেলাঘরের কর্মীদের মধ্যে এই উপসর্গ তাদের বাড়ীতে দেখা গেলে তারা কি করবে

- জেনারেল মেডিসিনের ডাক্তারের সাথে যোগাযোগ করবে
- শারীরিক কারণে কাজে আসতে পারছেন না তা ডাক্তারের সার্টিফিকেটসহ কাজের জায়গায় জানাবে
- জেনারেল মেডিসিনের ডাক্তার যে রোগ নির্ধারক টেস্ট করতে বলবে তা ASL এর রোগ প্রতিরোধকারী ডিপার্টমেন্টে জানাবে
- ASL এর রোগ প্রতিরোধকারী ডিপার্টমেন্ট থেকে টেস্ট করানোর ব্যবস্থা নেওয়া হবে

